জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী
জেলা ঃ রাজশাহী।

সভাপতি ঃ মোঃ হেলাল মাহমুদ শরীফ
জেলা প্রশাসক, রাজশাহী।
স্থান ঃ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, রাজশাহী।
তারিখ ঃ ০৬/০৮/২০১৭ খ্রি.
সময় ঃ বেলা ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট " ১ থেকে ৪" -এ দেয়া হলো।

আলোচনা - ১ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন।

আলোচনা -২ ঃ ইউরিয়া, টিএসপি, ডিএপি ও এমওপি সারের মজুদ ও মূল্য পরিস্থিতি

উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী জানান যে, অদ্য পর্যন্ত জেলায় বিসিআইসি সার ডিলার ও খুচরা সার বিক্রেতাদের নিকট ইউরিয়া মজুদ ২০৯৫ মেঃটন, উত্তোলনযোগ্য ইউরিয়া সারের পরিমান ৬৭০১ মেঃটন; টিএসপি সারের মজুদ ৯২২ মেঃটন, উত্তোলনযোগ্য টিএসপি সারের পরিমান ১৫১০ মেঃটন; এমওপি সারের মজুদ ১৩৬৮ মেঃটন, উত্তোলনযোগ্য এমওপি সারের পরিমান ১১২৯ মেঃটন এবং ডিএপি সারের মজুদ ১২৫৫ মেঃটন ও উত্তোলনযোগ্য ডিএপি সারের পরিমান ১১৫২ মেঃটন। জেলায় যথেষ্ট সার মজুদ থাকায় বর্তমানে সারের কোন সমস্যা নাই। কৃষক পর্যায়ে সরকার নির্ধারিত মূল্যে ইউরিয়া সার সর্বোচ্চ বস্তা প্রতি ৮০০/- টাকা, টিএসপি ১১০০/- টাকা, এমওপি ৭৫০/- টাকা এবং ডিএপি ১২৫০/- টাকা দরে বিক্রয় হচ্ছে। গত বছর এই দিনে বিভিন্ন সারের মজুদ ছিল ইউরিয়া ৩৬১৮ মেঃটন, টিএসপি ৬৩১ মেঃটন, এমওপি ৬৩২ মেঃটন এবং ডিএপি ১৪৭৪ মেঃটন। সকল সার ডিলারগণকে তাদের নির্ধারিত গুদামে পর্যাপ্ত পরিমান সারের উত্তোলন ও মজুদ রাখার এবং সার মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য সকল উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটিকে অনুরোধ জানান। উন্মুক্ত আলোচনার মাধ্যমে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ (১) সকল সার ডিলারগণ-কে সময়মত বরাদ্দের বিপরীতে টাকা জমা এবং অনুত্তোলিত সার দ্রুত উত্তোলন পূর্বক আগমনী বার্তা সংশ্লিষ্ট দপ্তরে প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

আলোচনা -৩ ঃ বিএডিসি'র আমদানিকৃত সার উপজেলার ডিলারগণের মাধ্যে বিভাজন ।

উপজেলা কৃষি অফিসার, তানোর, রাজশাহী বলেন গত জুলাই/১৭ মাসে নন-ইউরিয়া সার উপজেলার সকল ডিলারগণের মাঝে সমবরাদ্দ প্রদান করার ফলে যে ইউনিয়ন/পৌরসভায় ডিলার সংখ্যা বেশি সে ইউনিয়ন/পৌরসভায় বেশি বরাদ্দ হয়েছে এবং যে ইউনিয়ন/পৌরসভায় ডিলার সংখ্যা কম সে ইউনিয়ন/পৌরসভায় বরাদ্দ কম হয়েছে। উপজেলা কৃষি অফিসার, বাগমারা, রাজশাহী বলেন সারের চাহিদা নিরুপন হয় ইউনিয়ন/পৌরসভার আবাদী জমি, ফসল ইত্যাদি বিবেচনা করে। সুতরাং বরাদ্দ প্রদানের ক্ষেত্রে ইউনিয়ন/পৌরসভার আবাদী জমি, ফসল ইত্যাদি বিচেনা করে বরাদ্দ প্রদান করলে কৃষকের জন্য সুবিধা হবে। সভাপতি, বিএফএ রাজশাহী বলেন পুঠিয়া উপজেলার বানেশ্বর ইউনিয়নে আবাদী জমি কম থাকার পরও ০৫জন ডিলার অবস্থান করায় জুলাই/১৭ মাসে ১৯০ মেঃটন নন-ইউরিয়া সারের বরাদ্দ পাওয়া গেছে অথচ ভালুকগাছি ইউনিয়নে আবাদী জমি বেশি থাকার পরও ০১জন ডিলার থাকায় বরাদ্দ হয়েছে মাত্র ৪০ মেঃটন সার। তিনি বিসিআইসি ডিলারগণের ন্যায় বিএডিসি'র সার ডিলারগণকে ইউনিয়ন/পৌরসভায় এসাইনের পর ইউনিয়ন/পৌরসভায় অবস্থানকৃত ডিলারগণের মাঝে সমবরাদ্দ প্রদানের অনুরোধ জানান। সভাপতি, বিএডিসি'র বীজ ডিলার এসোসিয়েশন, রাজশাহী বলেন ইতিপূর্বে তানোর উপজেলায় সকল ডিলারের মাঝে প্রায় সমান পরিমানে বরাদ্দ প্রদান করায় কোন ধরণের সমস্যা হয় নাই। বর্তমানেও সার প্রাপ্তি নিয়ে কৃষকের কোন সমস্যা হয় নাই। তাছাড়া সমপরিমান বরাদ্দ প্রদানের জন্য কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। জেলায় ইউরিয়া এবং নন-ইউরিয়া সারের মোট বরাদ্দকৃত শতকরা ৮০ ভাগ সার বিসিআইসি ডিলারগণ বিতরণ করেন, অবশিষ্ট ২০ ভাগ সার বিতরণ করেন বিএডিসি'র সার ডিলারগণ। তাই বিএডিসির আমদানিকৃত সার উপজেলার সকল ডিলারের মাঝে সমবরাদ্দ করা হলে কোন সমস্যা হবে না। উপজেলা চেয়ারম্যান, চারঘাট, রাজশাহী বলেন ইউনিয়ন-ই যদি সার বিতরণের কেন্দ্র বিন্দু হয় তবে এক ইউনিয়নের কৃষক অন্য ইউনিয়নে সারের জন্য যাওয়ার প্রয়োজন নেই। ইউনিয়নের/পৌরসভার চাহিদা মোতাবেক ইউনিয়নে অবস্থানরত ডিলারগণ সার বরাদ্দ পাবেন এবং কৃষক সহজেই সার নিতে পারবে। উপজেলা চেয়ারম্যান, মোহনপুর, রাজশাহী বলেন সকল ইউনিয়ন/পৌরসভার আয়তন, আবাদী জমি, আবাদকৃত ফসল এক না হওয়ায় সকল ইউনিয়ন/পৌরসভায় সারের চাহিদা একই রকম হয় না। ইউনিয়নের চাহিদা মোতাবেক বরাদ্দ প্রদান করে ইউনিয়নে অবস্থিত সকল ডিলারের মাঝে সমপরিমানে বরাদ্দ প্রদান করা যেতে পারে। উপজেলা চেয়ারম্যান, পুঠিয়া, রাজশাহী সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯ এর ১.১ ধারা পড়ে শোনান এবং সকল ইউনিয়নে/পৌরসভায় ডিলারগণকে সমন্বয় করে ইউনিয়ন/পৌরসভা ভিত্তিক সার বরাদ্দ প্রদানের বিষয়ে মত প্রকাশ করেন। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব বলেন জেলার সারের চাহিদা নিরুপণের ক্ষেত্রে ইউনিয়নের আয়তন, আবাদী জমি, ফসলের নিবিড়তা ইত্যাদি বিষয় বিবেচনা করা হয় বিধায় বরাদ্দ প্রদানের ক্ষেত্রেও ইউনিয়ন/পৌরসভার আয়তন, আবাদী জমি এবং আবাদকৃত ফসলের কথা বিবেচনা করে সার বরাদ্দ প্রদান করা এবং এ জেলায় ২২টি ইউনিয়নে বর্তমানে বিএডিসির কোন সার ডিলার না থাকার বিষয়ে সদস্য সচিব সভাকে অবহিত করেন।

এর ফলে এ সকল ইউনিয়নে সার বিতরণে অসুবিধা হচ্ছে মর্মে তিনি উল্লেখ করেন এবং সার বিতরণের ক্ষেত্রে ইউনিয়নকে কেন্দ্র হিসেবে প্রাধান্য দিয়ে যেসব ইউনিয়নে বিএডিসি'র সার ডিলার নাই বা কম আছে সে সকল স্থানে বেশি সংখ্যক ডিলার আছে এমন ইউনিয়ন থেকে বিএডিসির সার ডিলার এসাইনের মাধ্যমে সমন্বয় করা যেতে পারে। আলোচনায় ইউনিয়ন-কে কেন্দ্র করে সার বিতরণের স্বার্থে সকল সদস্য একমত প্রকাশ করেন। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত ঃ ইউনিয়নকে সার বিতরণের কেন্দ্র বিবেচনায় ইউনিয়ন/পৌরসভার চাহিদার ভিত্তিতে উপজেলায় বরাদ্দকৃত সার ডিলারদের মাঝে সমবরাদ্দ প্রদান করার এবং তার সুষম বিতরণের স্বার্থে অগ্রাধিকার ভিত্তিতে যে সমস্ত ইউনিয়ন/পৌরসভায় বেশি সংখ্যক বিএডিসির সার ডিলার অবস্থান রয়েছেন সেখান হতে বিএডিসির ডিলার শূন্য ২২টি ইউনিয়নে সমন্বয় করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ ক্ষেত্রে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯ এর ১৫.২.১ থেকে ১৫.২.৫ ধারার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করা হয়।

মোঃ হেলাল মাহমুদ শরীফ
জেলা প্রশাসক, রাজশাহী
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
রাজশাহী
ফোন ০৭২১-৭৭২০৫০(অফিস)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালক এর কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী

স্মারক নং ১২.১৭.৮১০০.০৪১.৪০.৭১৪.১২-১১২৬(৫৫) তারিখ ঃ ০৮/০৮/২০১৭

বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

০১. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-১ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০২. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-২ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৩. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৩ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৪. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৪ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৫. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৫ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৬. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৬ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৭. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ ঃ জনাব শেখ বদিউল আলম, কৃষি অর্থনীতিবিদ।
০৮. চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, বা/এ, ঢাকা-১০০০।
০৯. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১০. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
১১. জেলা প্রশাসক, রাজশাহী।
১২. পুলিশ সুপার, রাজশাহী।
১৩. -৫৫.

....(কমিটির সকল সদস্য)
....
....

উপ-পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী
ও সদস্য সচিব
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
ফোন ০৭২১-৭৬১৫০৩